ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩১৭৭

আগরতলা, ২৪ মার্চ, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে আজ জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি শিবায়ন দাস। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল ও সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সদস্য সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় শিল্প ও বাণিজ্য দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে স্বাবলম্বন প্রকল্পে পশ্চিম জেলার ১৮৯ জনের বিভিন্ন স্বনির্ভর প্রকল্পে ঋণ মঞ্জুর করা হয়েছে। পিএমইজিপি প্রকল্পে ৮০ জনের ঋণ মঞ্জুর করা হয়েছে। ৩২ জনকে এই প্রকল্পে ঋণ দেওয়া হয়েছে। হস্ততাঁত ও কারু শিল্প দপ্তরের জেলা আধিকারিক সভায় জানান, পশ্চিম জেলায় বর্তমানে ১৭টি হস্ততাঁত শিল্প কেন্দ্র চালু আছে। এই হস্ততাঁত শিল্প কেন্দগুলিতে ৭৩৪০ জন হস্ততাঁত শিল্পী কাজ করছেন। অন্যদিকে জেলায় হস্তকারু শিল্প কেন্দ্র রয়েছে ৫টি। এই কারু শিল্প কেন্দ্রগুলি হল আগরতলা, যোগেন্দ্রনগর, মজলিশপুর, মোহনপুর এবং শনখলা। এই শিল্প কেন্দ্রগুলিতে বর্তমানে ৩৫০জন দক্ষ কারুশিল্পী কাজ করছেন। সভায় টিআরএলএম-এর প্রতিনিধিও বিভিন্ন স্বসহায়ক দলের কর্মসূচি নিয়ে পর্যালোচনা করেন। সভায় ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল শিল্প বিষয়ক বিভিন্ন স্বনির্ভর প্রকল্পের ঋণগুলি যাতে সঠিক কাজে সঠিক সুবিধাভোগী পায় সেদিকে শিল্প আধিকারিকদের নজর রাখতে বলেন এবং পশ্চিম জেলার উন্নয়নের কাজে সকলকে একটি টিম হিসাবে এক হয়ে কাজ করার আহ্বান জানান।

*****